সংবাদ

তারিখ: 25 AUG 2017
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৪ ...

# উপজেলা পর্যায়ে প্রতিবন্ধী স্কুল চালুর সুপারিশ সংসদীয় কমিটির

• নিজস্ব বার্তা পরিবেশক

উপজেলা পর্যায়ে একটি করে প্রতিবন্ধী স্কুল চালু করার সুপারিশ করেছে সমাজকল্যাণ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি। গতকাল সংসদ ভবনে অনুষ্ঠিত কমিটির ২৯তম বৈঠকে এ সুপারিশ করা হয়।

কমিটির সভাপতি মো. মোজাম্মেল হোসেনের সভাপতিত্বে কমিটির সদস্য- সমাজকল্যাণ প্রতিমন্ত্রী নুরুজ্জামান আহমেদ, মনোরঞ্জন শীল গোপাল, আয়েশা ফেরদাউস, মো. হাবিবে মিল্লাত, মো. আবদুল মতিন, বেগম লুৎফা তাহের ও সৈয়দা সায়রা মহসীন বৈঠকে অংশগ্রহণ করেন। সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সচিব, সমাজসেবা অধিদফতরের মহাপরিচালকসহ মন্ত্রণালয় ও সংসদ সচিবালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তারা বৈঠকে উপস্থিত ছিলেন।

বৈঠকে মন্ত্রণালয়ের সহযোগিতায় শিক্ষার সুযোগ পাওয়া প্রান্তিক, বঞ্চিত, এতিম এবং অসহায় ছেলেমেয়েদের কর্মসংস্থান নিশ্চিত করতে সাধারণ শিক্ষার পাশাপাশি কারিগরি শিক্ষা কার্যক্রম জোরদার করার সুপারিশ করা হয়। কমিটি ১০৩টি প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের ১ হাজার ২৩৬ জন কর্মকর্তা-কর্মচারীর ইনক্রিমেন্ট ও শ্রান্তি-বিনোদন ভাতা প্রদানের সুপারিশ করে।

**শান্তি চুক্তি মোতাবেক ক্ষমতা হস্তান্তরের সুপারিশ**

পার্বত্য শান্তি চুক্তি অনুযায়ী হস্তান্তরিত বিষয়গুলোর নির্বাহী ক্ষমতা পার্বত্য জেলা পরিষদ ও আঞ্চলিক পরিষদের নিকট প্রদানের জন্য মন্ত্রিপরিষদ বিভাগকে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে পুনরায় সুপারিশ করেছে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি। গতকাল সংসদ ভবনে অনুষ্ঠিত কমিটির ২৬তম বৈঠক এ সুপারিশ করা হয়।

কমিটির সভাপতি র. আ. ম উবায়দুল মোকতাদির চৌধুরীর সভাপতিত্বে কমিটি সদস্য-পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী বীর বাহাদুর উ শৈ সিং এবং উষাতন তালুকদার বৈঠকে অংশগ্রহণ করেন। বৈঠকে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের সচিবসহ, মন্ত্রণালয় ও সংসদ সচিবালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন। কমিটি আগামী বৈঠকে তিন পার্বত্য জেলায় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের বিভিন্ন কর্মসূচি উপস্থাপনের সুপারিশ করে।

**দ্রুত রেলওয়ের লোকমোটিভ ক্রয়ের সুপারিশ**

বিদ্যমান সমস্যার সমাধান করে জরুরি ভিত্তিতে রেলওয়ের ৭০টি লোকমোটিভ ক্রয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেছে রেলপথ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি। গতকাল সংসদ ভবনে অনুষ্ঠিত ৩৬তম বৈঠক এসব সুপারিশ করা হয়।

কমিটি সভাপতি এ. বি. এম ফজলে করিম চৌধুরীর সভাপতিত্বে কমিটি সদস্য- রেলপথমন্ত্রী মো. মুজিবুল হক, মো. সিরাজুল ইসলাম মোল্লা এবং ফাতেমা জোহরা রানী বৈঠকে অংশগ্রহণ করেন। বৈঠকে রেলপথ মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব, বাংলাদেশ রেলওয়ের মহাপরিচালসহ মন্ত্রণালয় ও সংসদ সচিবালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

বিগত বৈঠকের সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি এবং বাংলাদেশ রেলওয়ের ৭০টি লোকমোটিভ ক্রয়ে বিলম্বের কারণ সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। বৈঠকে রেলপথ মন্ত্রণালয়ের ফয়েজ লেকের ৩৩৬ দশমিক ৬২ একর জমিতে স্থাপনাসহ সব তথ্য উপাত্ত সংগ্রহ করে কমিটি পরবর্তী বৈঠকে একটি প্রতিবেদন প্রদানের বিষয়ে মন্ত্রণালয়কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হয়।